



বগুড়ার শিবগঞ্জে কৃষক সমাবেশে বক্তব্য রাখেন কৃষিমন্ত্রী ডক্টর আব্দুর রাজ্জাক

-যায়াদি

## শিবগঞ্জে কৃষিমন্ত্রী সারের জন্য কোনো কৃষককে আর জীবন দিতে হয় না

■ শিবগঞ্জ (বগুড়া) প্রতিনিধি

কৃষিমন্ত্রী ডক্টর মো. আব্দুর রাজ্জাক বলেছেন, 'বর্তমান সরকার কৃষিবান্ধব, এই সরকারের আমলে কৃষিক্ষেত্রে অভূতপূর্ব উন্নয়ন হচ্ছে, কৃষকরা তাদের উৎপাদিত পণ্যের সঠিক মূল্য পাচ্ছে। কৃষকরত্ন প্রধানমন্ত্রী কৃষকদের ভাগ্য পরিবর্তনে কৃষিকে আধুনিকায়নের জন্য নিরলসভাবে কাজ করে যাচ্ছেন। বর্তমান সরকারের সময়ে সারের জন্য কোনো কৃষককে আর জীবন দিতে হয় না। এমনকি কৃষি খাতে ব্যাপক উন্নয়ন হওয়ায় দেশে খাবার নিয়ে কোনো হাহাকার নেই। দেশ এখন খাদ্যে স্বয়ংসম্পূর্ণ।'

রোববার সন্ধ্যায় বগুড়ার শিবগঞ্জ উপজেলার মসলা গবেষণা কেন্দ্রে জিরা ও উচ্চ মূল্য ফসলের প্রযুক্তির ওপর বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট আয়োজিত কৃষক সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে কৃষিমন্ত্রী এসব কথা বলেন।

কৃষি গবেষণা ইনস্টিটিউটের মহাপরিচালক ডক্টর মো. নাজিরুল ইসলামের সভাপতিত্বে কৃষক সমাবেশে বিশেষ অতিথি ছিলেন সোনাতলা-সারিয়াকান্দি আসনের সংসদ সদস্য সাহাদারা মান্নান, কৃষি মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মো. মেসবাহুল ইসলাম, কৃষি উন্নয়ন কর্পোরেশনের চেয়ারম্যান অমিতাভ সরকার, কৃষি গবেষণা কাউন্সিলের নির্বাহী চেয়ারম্যান ডক্টর শেখ মোহাম্মদ বখতিয়ার, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালক মো. আসাদুল্লাহ প্রমুখ।

এ সময় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন বগুড়ার জেলা প্রশাসক জিয়াউল হক, পুলিশ সুপার আলী আশরাফ ভূঞা, মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ডক্টর মো. হামিম রেজা, উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) আলমগীর কবীর, সহকারী পুলিশ সুপার (শিবগঞ্জ সার্কেল) আরিফুল ইসলাম সিদ্দিকি, শিবগঞ্জের পৌর মেয়র তোহিদুর রহমান মানিক, সারিয়াকান্দির পৌর মেয়র মতিউর রহমান মতি, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান ফাহিমা আক্তার, শিবগঞ্জ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সিরাজুল ইসলাম, জেলা পরিষদ সদস্য আব্দুল করিম, উপজেলা আওয়ামী লীগ সভাপতি আজিজুল হক, সাংগঠনিক সম্পাদক ইঞ্জিনিয়ার আব্দুল মান্নান শেখ, কৃষকলীগের কেন্দ্রীয় কৃষি ও পুনর্বাসন সম্পাদক আজমল হোসেন, উপজেলা কৃষকলীগের সাধারণ সম্পাদক শাহিনুর ইসলাম মাস্টার, কৃষকলীগ নেতা ওবাইদুল ইসলাম প্রমুখ।

